

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩০৬

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأَوْلُ

আরবী

وَعَنْ أَبِي بُرْدَةَ قَالَ: أَخْرَجَتْ إِلَيْنَا عَائِشَةُ كِسَاءً مُلَبَّدًا وَإِزَارًا غَلِيظًا فَقَالَتْ: قُبِضَ رُوحُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي هذَيْن

বাংলা

৪৩০৬-[৩] আবৃ বুরদাহ্ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেছেন, 'আয়িশাহ্ (রাঃ) একখানা তালিযুক্ত চাদর ও একখানা মোটা কাপড়ের ইযার (লুঙ্গি বা তহবন্দ) আমাদেরকে দেখিয়ে বললেনঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এ দু'টি কাপড় পরিহিত অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৮১৮, মুসলিম (৫৫৬৩)-৬, সহীহ ইবনু হিব্বান ৬৬২৩, মুসনাদে আবূ ইয়া'লা ৪৪৩২, মুসনাদে আহমাদ ২৪০৩৭, তিরমিয়ী ১৭৩৩, ইবনু মাজাহ ৩৫৫১, আবূ দাউদ ৪০৩৬, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩২৮৯।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مُلْبَدًا) শব্দের অর্থ জোড়াযুক্ত, একত্রিকৃত, তালিযুক্ত ইত্যাদি। অর্থাৎ রসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর চাদরটি ছিল তালিযুক্ত। এখানে إِزَارً বা লুন্সির কথা এসেছে কিন্তু কোন কোন সংকলনে رِدَاءً বা চাদর শব্দ এসেছে, কিন্তু তা সঠিক নয়। কেননা رِدَاءً বা চাদর তো ওটাই যা দিয়ে শরীরে উপরের অংশ আবৃত করা হয়।

উম্মূল মু'মিনীন 'আয়িশাহ্ (রাঃ)-এর বর্ণনা "এই দু'টি বস্ত্রের মধ্যে রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর রূহ কব্য করা হয়েছে", এর দ্বারা তিনি মূলত বুঝাতে চেয়েছেন তার ঐ দু'আ কবূলের কথা, তিনি (সাল্লাল্লাহ্



আলাইহি ওয়াসাল্লাম) দু'আ করতেন,

ٱللّٰهُمَّ ٱحْيِيْنِيْ مِسْكِيْنًا وَٱمِتْنِيْ مِسْكِيْنًا

"হে আল্লাহ! আমাকে মিসকীন হালাতে বাঁচিয়ে রাখ এবং মিসকীন অবস্থায়ই মৃত্যু দিও।" (হাকিম ফিল মুস্তাদরিক ৪/৩২২)

শায়খায়নের বর্ণনায় আছে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একটি তালিযুক্ত চাদর ছিল। তিনি তা পরিধান করতেন আর বলতেন, আমি একজন দাস মাত্র, তাই দাসের পোশাকই পরিধান করি। (মিরক্কাতুল মাফাতীহ)

ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ এটা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দুনিয়াবিমুখ এবং তার সম্পদ থেকে মুখ ফিরিয়ে রাখার একটি দৃষ্টান্ত, যাতে উম্মাত তাঁর এই আদর্শ থেকে শিক্ষা গ্রহণ করতে পারে এবং তারই অনুসরণ করতে পারে। (মিরক্লাতুল মাফাতীহ; ফাতহুল বারী ৬৯ খন্ড, হাঃ ৩১০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ বুরদাহ ইবনু আবূ মূসা আশ'আরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন